bengalioldsongs.in



শ্রীমতী ইলা চক্রবর্তী (বসু)

শ্রীমতী ইলার মধু-ক্ষরা বাণী ও তার আবেশ মধুর পরিবেশন—শিল্পীর জনপ্রিয়তার অন্যতম কারণ। এবারের আধুনিক গান দু'টি ভাবে ভাষায় ও সুর মাধুর্যে অতুলনীয়।

শ্রীমতী ইলা চক্রবর্তী (বসু)

**Sm. Ila Chakraborty (Bose)**

সুর :—শ্যামল মিত্র

**N 82849** তোমারেই বেসেছি ভালো
ছোট্ট ক'রে বলতে গেলে

(১)

কথা :—পবিত্র মিত্র

তোমারেই বেসেছি ভালো
প্রথম উষার লগনে।
তাই, এতো ভালো কেউ
লাগেনি তো মনে॥

প্রথম ফাগুনে নতুন পাতায়
অনুরাগে শিহর লাগায়
সে কাঁপন একবারই জেগেছিল
সেদিন আমার এই মন-গহনে
ওগো, মোর জীবনে॥

কত জনে কতবার
শোনায়েছে কত সুর
তখনি পড়েছে মনে তুমি ছিলে
আরো সুমধুর।

যারা কাছে আসে যারা ফিরে যায়
অনেক আলো হৃদয়ে ছড়ায়
তখনি কেবলি কেন মনে পড়ে
তুমিই প্রথম আলো ছড়িয়েছিলে
ওগো মোর ভুবনে॥

(২)

কথা :—পুলক বন্দ্যোপাধ্যায়

ছোট্ট করে' বলতে গেলে গল্প সে
কথা আমার অল্প যে
দাঁড়ায় শুধু এই
সেদিন মন দিয়েছি
প্রথম দেখাতেই॥

সেই কথাটি কাব্য করে'
শোনালে এই হয়—
লক্ষ-তারায় সেদিন ছিল
রাত্রি মধুময়
ভাল লাগার নেশায় ভরা
লগ্ন ছিল সেই॥

রাত মোহানার দুটি পারে
ভেসে এলো
সাদা মেঘের পান্সী
সারে সারে।
তুমিও এলে গুন্‌গুনিয়ে গেয়ে
কি এক গান
মিষ্টি মধুর ছন্দ দিয়ে
দুলিয়ে দিলে প্রাণ
তখন থেকেই বুঝতে হলো
সেই আমি তো নেই॥*

——শিল্পীর পূর্ব-প্রকাশিত রেকর্ড——

**N 82658** মন দোলে মোর প্রাণ দোলে
অভিমানিনী জানে না